



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৪ মে ২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

নাইক্ষ্যংছড়িতে বৌদ্ধ ভিক্ষু হত্যার নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) বান্দরবান ইউনিটের সংগঠক ছোটন কান্তি তথ্যে আজ শনিবার ১৪ মে ২০১৬ এক বিবৃতিতে বান্দরবানের নাইক্ষ্যংছড়ি উপজেলার বাইশারী ইউনিয়নে উপর চাক পাড়ায় উ গাইন্দ্যা ভিক্ষু নামে ৭০ বছরের এক বৌদ্ধ সন্ন্যাসীকে হত্যার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি বলেন, ‘গত শুক্রবার গভীর রাতে প্রবল ঝড়বৃষ্টির সময় চাক নির্বাণ বৌদ্ধ বিহারের অধ্যক্ষ উ গাইন্দ্যা ভিক্ষুকে গলা কেটে খুন করা হয়। আজ সকাল ৭টার দিকে মানুচিং চাক ভিক্ষুকে প্রাতরাশের খাবার দিতে গেলে তাকে মৃত অবস্থায় পড়ে থাকতে দেখতে পান। বিহারে তিনি একা থাকতেন ও ধ্যান সাধনা করতেন।’

ইউপিডিএফ নেতা হত্যার রহস্য উদঘাটন ও দায়ি ব্যক্তিদের সনাক্ত করতে একটি শক্তিশালী তদন্ত কমিটি গঠনের জন্য সরকারের প্রতি দাবি জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।